



D.O. No..... Date:

জাতীয় নবজাতক সপ্তাহ উপলক্ষে

মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী, ত্রিপুরা সরকার এর আবেদন

১৫ থেকে ২১ নভেম্বর, ২০১৮ জাতীয় নবজাতক সপ্তাহ উপলক্ষে আমাদের রাজ্যে বিভিন্ন সচেতনতা কর্মসূচী পালন করা হচ্ছে। শিশু মৃত্যুর হার হ্রাস করার ক্ষেত্রে যথোপযুক্ত ব্যবস্থা নিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর বদ্ধপরিকর। আমাদের রাজ্যে শিশুর জন্মের পর এক বছরের মধ্যে পোলিও, হেপাটাইটিস-বি, যক্ষ্মা, ডিপথেরিয়া, পারটুসিস বা ছুপিং কফ, টিটেনাস বা ধনুষ্ঠংকার, মিজলস(হাম)-রুবেলা, এবং হিমোফিলাস ইনফুয়েঞ্জা টাইপ বি (Hib) এই সমস্ত রোগগুলির প্রতিরোধে টিকাকরণের এবং ভিটামিন-এ খাওয়ানোর বন্দোবস্ত রয়েছে। নবজাত শিশুর সার্বিক সুরক্ষা সুনিশ্চিত করতে টিকাকরণের পাশাপাশি জন্মের পর যথাশীঘ্র মায়ের বুকের প্রথম দুধ অর্থাৎ কলোস্ট্রাম এবং ছয় মাস বয়স পর্যন্ত মাতৃদুগ্ধপান সুনিশ্চিত করতে হবে। সেক্ষেত্রে নবজাতকের মৃত্যু রোধে হাসপাতালে প্রসব অবশ্য-ই সুনিশ্চিত করতে হবে। শিশুর জন্মের দিন থেকে ৪২ দিন পর্যন্ত 'গৃহভিত্তিক নবজাত শিশুর যত্ন' অর্থাৎ HBNC (Home Based Newborn Care) কার্যক্রমের অধীন আশা-র মাধ্যমে প্রতিটি শিশুর জন্য স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করতে হবে। পাশাপাশি নবজাতকের ওজন যাতে আড়াই কেজির কম না হয় সেজন্য গর্ভাবস্থায় মায়ের স্বাস্থ্য সুরক্ষিত রাখতে হবে। মাকে সুখম ও চাহিদামতো খাবার খেতে হবে, মায়ের যাতে রক্তাল্পতা এবং উচ্চ রক্তচাপ ও সংক্রমণ না হয় সেদিকেও নজর রাখতে হবে। এ দিবসটিতে নবজাতকের স্বাস্থ্য সুরক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য রাজ্যের সমস্ত অংশের জনগণকে ভূমিকা নিতে আমি অনুরোধ জানাচ্ছি।

সুদীপ রায় বর্মান
(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী
ত্রিপুরা সরকার